



রূপগঞ্জে দখলবাজদের প্রতিবাদে হামলার মুখে ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জিন্নত আলী



সংগৃহীত ছবি

ভূমিদস্যু ও দখলবাজদের বিরুদ্ধে প্রতিবাদ করায় একাধিকবার হামলার শিকার হয়েছিলেন নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানার রূপগঞ্জ ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো. জিন্নত আলী। বিভিন্ন সময়ে তাকে গায়েবি মামলার আসামিও করা হয়েছে।

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমলে স্থানীয় কিছু এমপি-মন্ত্রীদের ছত্রছায়ায় রূপগঞ্জে জমি দখল ও চাঁদাবাজি চলত বলে অভিযোগ রয়েছে। তখন যারা প্রতিবাদ করতেন, তাদের বিরুদ্ধে গায়েবি মামলা দেওয়া হতো এবং সন্ত্রাসী বাহিনী দিয়ে হামলা ও ভাঙচুর চালানো হতো। সাধারণ মানুষও এসব হামলা থেকে রেহাই পাননি।

নিজ গ্রামের মানুষের ঘরবাড়ি ও চাষের জমি রক্ষায় বহুবার আন্দোলনে নেতৃত্ব দিয়েছেন রূপগঞ্জ ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ও বিএনপি নেতা জিন্নত আলী। কিন্তু রাজনৈতিক পরিচয়ের কারণে বারবার আওয়ামী লীগ সমর্থিত সন্ত্রাসীদের হামলার মুখে পড়তে হয়েছিল তাকে। এসব হামলায় আহত হয়ে একাধিকবার হাসপাতালে ভর্তি হতে হয়েছে এবং চিকিৎসার খরচ জোগাতে বিক্রি করতে হয়েছে নিজের পৈত্রিক সম্পত্তির অংশ।

এর আগে রূপগঞ্জ ইউনিয়নের মধুখালী গ্রামে এক আবাসন প্রকল্পের জোরপূর্বক বালি ভরাট ও দখলের বিরুদ্ধে স্থানীয়দের নিয়ে প্রতিবাদ সমাবেশ ও সচেতনতামূলক কর্মসূচি আয়োজন করেছিলেন তিনি। এর ফলেই তাকে বারবার হামলা ও গায়েবি মামলার শিকার হতে হয়েছিল। তবুও নিজ গ্রাম রক্ষায় পিছু হটেননি জিন্নত আলী।

এ বিষয়ে তিনি বলেন, এখানেই আমার জন্ম, এটি আমার পৈত্রিক সম্পত্তি। এগুলো রক্ষা করা আমাদের সবার দায়িত্ব। অতীতে বহু হামলা-মামলার শিকার হয়েছি, তবুও আমার গ্রামকে রক্ষা করতে যা প্রয়োজন, করে যাব।